গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট
(নেজারত শাখা)
www.bagerhat.gov.bd

০৪ জৈষ্ঠ, ১৪৩০
নং-০৫.৪৪.০১০০.০১০.১১.০০১.২৩- ৮৮০ তারিখ: ----------------
১৮ মে, ২০২৩

**'নিয়োগ বিজ্ঞপ্তি'**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৪ মে, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩০.১৫.৫৭-৫৯ সংখ্যক স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট ও এর অধীনস্থ সার্কিট হাউজ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা প্রহরী | ১৪ (চৌদ্দ) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০২ | পরিচ্ছন্নতা কর্মী | ১৩ (তের) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৩ | বেয়ারার | ০৩ (তিন) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৪ | মালি | ০২ (দুই) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৫ | বাবুর্চি | ০১ (এক) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা |
| ০৬ | সহকারী বাবুর্চি | ০২ (দুই) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা |

**আবেদনের শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। সকল পদের আবেদন জেলা প্রশাসক, বাগেরহাট-কে সম্বোধন করে নির্ধারিত আবেদন ফরমে আগামী ০৬-০৬-২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসক-এর কার্যালয়ে পৌঁছাতে হবে।

০৩। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসন বাগেরহাটের ওয়েবসাইটে (www.bagerhat.gov.bd), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের http://forms.mygov.bd/ ওয়েবসাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর নেজারত শাখায় পাওয়া যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পুরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৫। প্রার্থীর বয়স ০৬-০৬-২০২৩ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যাক পত্রের নির্দেশনা মোতাবেক ২৫-০৩-২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবেন। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রমের কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরে অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/ নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৮। সরকারি নীতিমালা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৯। **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।**

(ক) প্রার্থীর সদ্য তোলা ৫×৫ সে.মি. সাইজের সত্যায়িত রঙিন ছবি ০৩ (তিন) কপি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

(ঙ) অন্যূন ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত ছক পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম | বীর মুক্তিযোদ্ধার পিতার নাম | বীর মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ জন্ম সনদ, মৃত বীর মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | বীর মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তি বার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | বীর মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

(ছ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১-এ জমা করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(জ) পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত করে ১০"×৪.৫" মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০। সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও সীলসহ) হতে হবে।

১১। খামের উপর পদের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১২। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ/সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে:**

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হিসেবে চাকুরির আবেদন করতে আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি অন্যূন ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব-স্ব পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক সনদপত্র;

জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র;

ট) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র।

১৩। একজন প্রার্থী শুধু একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

১৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৫। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। প্রার্থীদের প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাঁছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১৭। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তবালী প্রযোজ্য হবে।

১৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

২০। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।


(মোহাম্মদ আজিজুর রহমান বিপিএএ)
জেলা প্রশাসক
বাগেরহাট।
ফোন-০২৪৭৭৭-৫২৫১৫
ই-মেইল : dcbagerhat@mopa.gov.bd


নং-০৫.৪৪.০১০০.০১০.১১.০০১.২৩-৬৮০

তারিখ: ০৪ জৈষ্ঠ, ১৪৩০
১৮ মে, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা ।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৪. সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ।
০৭. জেলা প্রশাসক ..............................(সকল) ।
০৮. পুলিশ সুপার ..............................(সকল) ।
০৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট ।
১০. সিভিল সার্জন, বাগেরহাট ।
১১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট ।
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি) (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট ।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ..............................(সকল), বাগেরহাট ।
১৪. সহকারী কমিশনার (ভূমি) ..............................(সকল), বাগেরহাট ।
১৫. সহকারী কমিশনার.................................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট ।
১৬. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, বাগেরহাট ।
১৭. সিনিয়র তথ্য অফিসার, বাগেরহাট ।
১৮. সম্পাদক, দৈনিক ......................... বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতা ১০"×৬" মাপে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, বাগেরহাট বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ।
১৯. নোটিশ বোর্ড ।
২০. অফিস নথি ।

জেলা প্রশাসক
বাগেরহাট।

